LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

সোমবার, ২রা জুলাই , **২০১৮ ইং**

বসুন্ধরা পেপারের লেনদেন শুরু আজ

আজ দেশের উভয় স্টক এক্সচেঞ্জে (ডিএসই) বসুন্ধরা পেপার মিলস লিমিটেডের শেয়ার লেনদেন শুরু হবে। কোম্পানি কোড বিপিএমএল। উভয় স্টক এক্সচেঞ্জের পর্ষদে কোম্পানিটিকে তালিকাভুক্ত করার প্রস্তাব এরই মধ্যে অনুমোদিত হয়েছে। বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) মাধ্যমে পুঁজিবাজার থেকে প্রায় ২০০ কোটি টাকার মূলধন সংগ্রহ করেছে কাগজ ও মুদ্রণ খাতের কোম্পানিটি। এর মধ্যে ৮০ টাকা দরে ১ কোটি ৫৬ লাখ ২৫ হাজার শেয়ার বেচে যোগ্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের কাছ থেকে ১২৫ কোটি টাকা ও ১০ শতাংশ কম দামে অর্থাৎ ৭২ টাকায় সাধারণ বিনিয়োগকারীদের কাছে আরো ১ কোটি ৪ লাখ ১৬ হাজার ৬৬৬টি শেয়ার বেচে আরো প্রায় ৭৫ কোটি টাকা সংগ্রহ করেছে কোম্পানিটি। গত ২৬ এপ্রিল থেকে ৯ মে পর্যন্ত সাধারণ বিনিয়োগকারীদের কাছ থেকে আইপিওর চাঁদা নেয় বসুন্ধরা পেপার মিলস। উল্লেখ্য, ২০১৬ সালের ৩০ জুন রোড শোর আয়োজন করে বসুন্ধরা পেপার। এরপর ২০১৭ সালের আগস্টে কাট অফ প্রাইস নির্ধারণের জন্য বিডিংয়ের অনুমোদন পায় কোম্পানিটি। বিডিংয়ের মাধ্যমে কাট অফ প্রাইস নির্ধারণের পর গত ৩০ জানুয়ারি অনুষ্ঠিত কমিশন সভায় সাধারণ বিনিয়োগকারীদের কাছে বসুন্ধরা পেপারের শেয়ার ইস্যুর অনুমতি দেয় পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)।http://bonikbarta.net

২০১৭-১৮ অর্থবছরে রফতানি আয় ৩ হাজার ৭০০ কোটি ডলার

৩০ জুন সমাপ্ত ২০১৭-১৮ অর্থবছরে দেশের রফতানি খাত থেকে আয় হয়েছে ৩ হাজার ৭০০ কোটি ডলার। এর সঙ্গে সেবা খাত যোগ করলে মোট রফতানি আয় দাঁড়ায় ৪ হাজার ১৫০ কোটি ডলার। রফতানি খাতে শুধু তৈরি পোশাক থেকেই আয় হয়েছে ৩ হাজার কোটি ডলার। গতকাল টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে বেসরকারি খাতের ভূমিকা নিয়ে আয়োজিত এক সংলাপে এসব তথ্য জানান বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। রাজধানীর ওয়েস্টিন হোটেলে ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) ও জার্মান সংস্থা ফ্রেডরিক নিউম্যান স্টিফটাং যৌথভাবে ‘রোল অব প্রাইভেট সেক্টরস টু অ্যাচিভ এসডিজি’ শীর্ষক এ সংলাপের আয়োজন করে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি উইংয়ের সহযোগিতায় আয়োজিত সংলাপে বাণিজ্যমন্ত্রী প্রধান অতিথি ছিলেন। বিশেষ অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি-বিষয়ক মুখ্য সমন্বয়ক আবুল কালাম আজাদ। ৪-৬ জুলাই অনুষ্ঠিত হবে এসডিজি অর্জনে জাতীয় পর্যালোচনা। সেখানে বেসরকারি খাতের ভূমিকা প্রসঙ্গে কী কী সুপারিশ করা হবে, তা সুনির্দিষ্ট করতেই গতকালের সংলাপটির আয়োজন করা হয়। সংলাপে মোট ১০টি বিষয়ের ওপর বিশেষ উপস্থাপনা পেশ করা হয়।http://bonikbarta.net

গ্রীষ্মে ইউএই ভ্রমণে এমিরেটসের বিশেষ সুবিধা

এই গ্রীষ্মে এমিরেটস এয়ার লাইনের সিগনেচার পাস ‘মাই এমিরেটস পাস’ ব্যবহার করে দুবাই বা ভায়া দুবাই ভ্রমণকারীরা পাচ্ছেন আকর্ষণীয় সুবিধা। ১ জুন থেকে আগামী ৩১ আগস্ট পর্যন্ত এ অফার চালু থাকছে। এসময় এমিরেটসে ভ্রমণকারীদের বোর্ডিং পাসটি-ই একটি বিশেষ মেম্বারশীপ কার্ড ‘মাই এমিরেটস পাস’ হিসেবে গণ্য হবে। এমিরেটসের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বোর্ডিং পাস এবং একটি বৈধ আইডি কার্ড প্রদর্শন করে ভ্রমণকারী বিশ্বমানের রেস্টুরেন্টসহ ২৫০টির অধিক স্থানে বিশেষ সুবিধা ভোগ করবেন। থিম পার্ক, বিলাসবহুল স্পাসহ দুবাইয়ের বিভিন্ন অবকাশ কেন্দ্রে থাকবে বিভিন্ন আকর্ষণীয় অফার। প্রথমবারের মতো নির্বাচিত কিছু ফ্যাশন এবং ফিটনেস ব্র্যান্ডের ক্ষেত্রে বিশেষ মূল্যছাড়ও পাওয়া যাবে।‘মাই এমিরেটস পাস’ ব্যবহার করে পর্যটকরা বিভিন্ন পার্ক এবং রিসোর্টে অতিরিক্ত সুবিধা পাবেন। এগুলোর মধ্যে রয়েছে বলিউড পার্কস দুবাই, মন্টিয়নগেট দুবাই এবং এতদঞ্চলের প্রথম লেগোল্যান্ড ও লেগোল্যান্ড ওয়াটার পার্ক।http://bonikbarta.net

ট্রাম্পের বিরুদ্ধে একাট্টা মার্কিন ধাতব ম্যানুফ্যাকচারাররা

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সুরক্ষাবাদ নীতির কারণে ক্ষতির মুখোমুখি হতে থাকায় মার্কিন ধাতব শিল্প একতাবদ্ধ হচ্ছে। খবর এএফপি। টেক্সাসে অবস্থিত ইস্পাতের পাইপ উৎপাদক বোরুসান মানেসমানের (বিএসপি) শ্রমিকরা ট্রাম্প এবং কংগ্রেসের সদস্যদের উদ্দেশে ৪ হাজার ৫০০ পোস্টকার্ড পাঠিয়েছে। হিউস্টনের শহরতলি বেটাউনে অবস্থিত এ প্রতিষ্ঠানটি তুরস্ক থেকে অসম্পূর্ণ ইস্পাতের পাইপ আমদানি করে। ট্রাম্প মার্চে ইস্পাতের ওপর ২৫ শতাংশ এবং অ্যালুমিনিয়ামের ওপর ১০ শতাংশ আমদানি শুল্কের ঘোষণা দেন। পরে কানাডা, মেক্সিকো ও ইউরোপীয় ইউনিয়নের ক্ষেত্রে সাময়িক রেয়াতও তুলে নেন। ট্রাম্প দাবি করছেন, শুল্কের ফলে যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা সুরক্ষিত হচ্ছে এবং এটি ক্ষয়িষ্ণু মার্কিন উৎপাদনে প্রাণ ফিরিয়ে আনবে। তবে এ শুল্কের ফলে নিজেদের আমদানিনির্ভর ব্যবসার ভীষণ ক্ষতি হবে— এ দাবি করে ২১ হাজার প্রতিষ্ঠান বিদেশে নির্মিত পণ্যের ওপর আরোপিত শুল্কের রেয়াত দাবি করেছে। তবে তিন মাস পার হয়ে গেলেও সরকার এখন পর্যন্ত মাত্র ৯৮টি আবেদন নিরীক্ষা করেছে এবং এর মধ্যে কেবল ৪২টিকে অনুমোদন দেয়া হয়েছে। বিএমপির প্রধান নির্বাহী জোয়েল জনসন আবেদনকারীদের মধ্যে প্রথম দিককার একজন ছিলেন। তবে এ আবেদনে সাড়া না পাওয়ায় আরো কয়েক হাজার আবেদনকারীর মতো তিনিও ব্যাপারটিকে আরো সোজাসাপটাভাবে মোকাবেলা করার সিদ্ধান্ত নেন। http://bonikbarta.net

খাতুনগঞ্জে বেড়েছে মসলার দাম

কোরবানির ঈদের এখনো প্রায় দুই মাস বাকি। কিন্তু এ উৎসবকে সামনে রেখে এরই মধ্যে উর্ধ্বমুখী হয়ে উঠেছে গরম মসলার বাজার। কয়েক দিনের ব্যবধানে চট্টগ্রামের খাতুনগঞ্জে প্রায় সব মসলা পণ্যের দাম বেড়েছে। বাজার সংশ্লিষ্টদের মতে, কোরবানি উপলক্ষে পণ্যের হাতবদল বেড়ে যাওয়ায় দাম বাড়ছে। তবে কেউ কেউ পণ্য মজুদের কারণে সৃষ্ট সরবরাহ সংকটকে দাম বৃদ্ধির জন্য দায়ী বলে মনে করছেন। দেশে ভোগ্যপণ্যের সবচেয়ে বড় পাইকারি বাজার খাতুনগঞ্জের বিভিন্ন আড়তে খোঁজ নিয়ে জানা গেছে, গত রমজান ও ঈদুল ফিতরের সময় মসলার বাজার স্থিতিশীল ছিল। চাহিদা কমে যাওয়ায় ঈদের পরপর বেশকিছু পণ্যের বাজার নিম্নমুখী হয়ে পড়ে। তবে এক সপ্তাহ ধরে আবার বাড়তে শুরু করেছে মসলার দাম।http://bonikbarta.net